

# যুগান্তর

## কামারখন্দে সমাপনী পরীক্ষার খাতা মূল্যায়নে অনিয়ম

প্রকাশ : ০২ ডিসেম্বর ২০১৮, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

 সিরাজগঞ্জ প্রতিনিধি

কামারখন্দে প্রাথমিক শিক্ষা সমাপনী (পিইসি) পরীক্ষার খাতা মূল্যায়নে অনিয়মের অভিযোগ উঠেছে। এ ঘটনায় ২৪টি খাতা সিলগালা করা হয়েছে। জানা যায়, ‘বাংলাদেশ ও বিশ্ব পরিচয়’ বিষয়ের ২৪টি খাতা মূল্যায়ন করেন নান্দিনা কামালিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক ও পরীক্ষক জুলফিকার আলী। পরে ওই খাতা কর্ণসূতি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও নিরীক্ষক নজরুল ইসলামের কাছে জমা দেন তিনি। নজরুল ইসলাম খাতাগুলো নিরীক্ষার পর তেঘরী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও প্রধান পরীক্ষক শহীদুল ইসলামের কাছে জমা দেন।

পরে শহীদুল ইসলাম ওই খাতাগুলোর নম্বর কাটাকাটি করেন। ঘটনাটি বৃহস্পতিবার স্থানীয় প্রশাসন ও শিক্ষা অফিসের নজরে এলে ওই ২৪টি খাতা সিলগালা করা হয়। উপজেলা পিইসি পরীক্ষা পরিচালনা কমিটির সদস্য সচিব ও শিক্ষা কর্মকর্তা মোয়াজ্জেম হোসেন শনিবার সকালে বিষয়টি নিশ্চিত করে জানান, ২৪টি খাতার নম্বর কাটাকাটি করে কমবেশি করায় আমাদের সন্দেহ হয়। পরে তদন্তের জন্য খাতাগুলো সিলগালা করা হয়েছে। তবে বিষয়টি আরও খতিয়ে দেখা হচ্ছে।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।  
ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: [jugantor.mail@gmail.com](mailto:jugantor.mail@gmail.com)

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৮ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।